তারিখ ·· 28 ·।।· 3 · 2016 ।
পৃষ্ঠা ··· ৩ ··· কলাম ···· ৬ ······

যুগান্তর

# কমলগঞ্জ বড়লেখা ও বাউফলে তিন ছাত্রীকে ধর্ষণ

## মেহেরপুর ও মঠবাড়িয়ায় বলাৎকার এবং ধর্ষণের অভিযোগে দুই শিক্ষক গ্রেফতার

**যুগান্তর ডেস্ক**

মৌলভীবাজারের কমলগঞ্জ ও বড়লেখায় প্রথম এবং ৪র্থ শ্রেণীর দুই ছাত্রীকে ধর্ষণ করা হয়েছে। পটুয়াখালীর বাউফলে ধর্ষণের শিকার হয়ে ৪র্থ শ্রেণীর এক ছাত্রী ৪ মাসের অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে। বিষয়টি ধামাচাপা দিতে মাতবররা উঠেপড়ে লেগেছে। পিরোজপুরের মঠবাড়িয়া ও মেহেরপুরে বলাৎকার এবং ধর্ষণের অভিযোগে এক মাদ্রাসা সুপারসহ দুই শিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। ঝালকাঠির কাঁঠালিয়ায় এক গৃহবধূকে ধর্ষণ করতে গেলে এক ব্যক্তির লিঙ্গ কর্তন করেন ওই গৃহবধূ। যুগান্তর ব্যুরো, স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**কমলগঞ্জ (মৌলভীবাজার):** নির্যাতিতা ওই ছাত্রী মৌলভীবাজার সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। কমলগঞ্জ থানায় নির্যাতিতা ছাত্রীর বাবা মামলা করলে পুলিশ অভিযুক্ত ধর্ষককে গ্রেফতার করেছে। শনিবার আলীনগর ইউনিয়নের শ্রীনাথপুর গ্রামে এ ঘটনাটি ঘটে। ওই ছাত্রী টিভি দেখতে পাশের ■ পৃষ্ঠা ৭ : কলাম ৫

## কমলগঞ্জ বড়লেখা ও বাউফলে তিন ছাত্রীকে ধর্ষণ

(৩য় পৃষ্ঠার পর)

বাড়ি যাচ্ছিল। এ সময় পাশের বাড়ির মাখন মিয়ার ছেলে মাসুম মিয়া ছাত্রীটিকে ডেকে নিজের ঘরে নিয়ে ধর্ষণ করে।

বড়লেখা (মৌলভীবাজার) : বড়লেখায় কলম কিনতে গিয়ে দোকানদার কর্তৃক চতুর্থ শ্রেণীর ওই ছাত্রী ধর্ষণের শিকার হয়েছে। রোববার পুলিশ অভিযুক্ত ধর্ষককে গ্রেফতার করে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠিয়েছে। ধর্ষিতাকে ডাক্তারি পরীক্ষার জন্য জেলা সদর হাসপাতালে পাঠানো হয়। উপজেলার সুজাউল অফিস বাজারের একটি কিন্ডার গার্টেন স্কুলের চতুর্থ শ্রেণীর ছাত্রী ২২ মার্চ স্কুলে যাওয়ার পথে কলম কেনার জন্য বাজারের স্টেশনারি ব্যবসায়ী বশির উদ্দিনের দোকানে যায়। এ সময় বশির দোকানের শাটার বন্ধ করে ছাত্রীকে ধর্ষণ করে।

**বাউফল (পটুয়াখালী) :** বাউফলের ৪র্থ শ্রেণীর ওই ছাত্রী তিন সন্তানের জনকের ধর্ষণের শিকার হয়ে ৪ মাসের অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে। জানা গেছে, স্থানীয় প্রভাবশালী কয়েক ব্যক্তি বিষয়টি ধামাচাপা দেয়ার জন্য ওই ছাত্রীর গর্ভপাত করানোর চেষ্টা করছেন। উপজেলার কনকদিয়া ইউনিয়নের ঝিলনা গ্রামে ঘটে এ ঘটনা। একই গ্রামের বাসিন্দা তিন সন্তানের জনক মো. ফারুক প্রায় ৪ মাস আগে ওই ছাত্রীকে ফাঁকা ঘরে পেয়ে ধর্ষণ করে। এরপর থেকে ফারুক সবাইকে বলে দেবে এমন ভয়ভীতি ও নানা প্রলোভন দেখিয়ে নিয়মিত ওই ছাত্রীর সঙ্গে অনৈতিক কর্মকাণ্ড চালিয়ে যায়। স্থানীয় মোক্তার আলী ও লিটন নামের দু'জনের নেতৃত্বে এক সালিশ-বৈঠকে ফারুকের কিছু টাকা জরিমানা করে এবং সেই টাকা দিয়ে ছাত্রীর গর্ভপাত করানোর সিদ্ধান্ত নেয়া হয়।

**মঠবাড়িয়া (পিরোজপুর) :** চতুর্থ শ্রেণীর এক মাদ্রাসা ছাত্রকে বালাৎকারের অভিযোগে মঠবাড়িয়া থানা পুলিশ উপজেলার হারজী দাখিল মাদ্রাসার সুপার মাওলানা নুর ইসলামকে রোববার সকালে গ্রেফতার করেছে। এ ঘটনায় ওই ছাত্রের বাবা কালু কাজী (যৌন কামনা চরিতার্থ করায়) মাওলানা নুর ইসলামকে আসামি করে একটি মামলা দায়ের করেছে।